রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৪, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ ভাদ্র ১৪৩১/০১ সেপ্টেম্বর ২০২৪

নং ১৭.০০.০০০০.০৬৪.২২.০৪৫.১৯(অংশ-২)-৪৪৭—জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা ২০১৪ এর প্রবিধি ২(৫) এ সংজ্ঞায়িত এবং উক্ত প্রবিধানমালার প্রবিধি ৩ ও ৪ এ আবেদন দাখিল এবং আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তার দায়িত্ব নির্ধারণ সংক্রান্ত ২৩ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

(১) উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনার ২য় প্যারায় বর্ণিত 'গ-১' শব্দটি বিলুপ্ত হইবে।

(২) উক্ত প্রজ্ঞাপনের ক্রমিক ২০ এর পর নিম্নরূপ একটি নতুন ক্রমিক ২০(১) সন্নিবেশিত হইবে, যথা :—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০(১) | নিজ নাম (বাংলা ও ইংরেজি) পুনঃ আবেদন | নামের বানান সংশোধন (সম্পূর্ণ নাম পরিবর্তন ব্যতীত), বাংলা ও ইংরেজি নামের পারস্পরিক মিল রেখে সংশোধন ও মূল নাম ঠিক রেখে নামের আংশিক সংশোধন/সংযোজন/বিয়োজন | খ | শিক্ষাগত যোগ্যতা থাকলে—<br>১. পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি/এইচ.এস.সি/অনার্স/ মাষ্টার্স সনদ বা বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সমমান সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড/মার্কশীট<br>শিক্ষাগত যোগ্যতা না থাকলে—<br>২. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>৩. নাগরিক সনদ<br>৪. পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৫. স্বামী/স্ত্রী এর জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৬. সন্তানদের জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ/শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) | সিনিয়র জেলা/ জেলা নির্বাচন অফিসার |

(৩) উক্ত প্রজ্ঞাপনের ২১নং ক্রমিকে ২ নং কলামে "পিতা অথবা মাতা যে কোনো এক জনের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন" শব্দগুলির পরিবর্তে "পিতা অথবা মাতা যে কোনো এক জনের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন। পিতা/মাতার নামের বানান সংশোধন ও মূল নাম ঠিক রেখে নামের আংশিক সংশোধন/সংযোজন/বিয়োজন এর পুনঃ আবেদন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(৪) উক্ত প্রজ্ঞাপনের ৩০ এবং ৩৩ নং ক্রমিকে উল্লিখিত ৪ নং কলামে ক্যাটাগরি "গ-১" শব্দের পরিবর্তে "গ" শব্দ প্রতিস্থাপিত হইবে এবং বর্ণিত ২টি ক্রমিকের বিপরীতে ৬নং কলামে বর্ণিত 'অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা' শব্দগুলির পরিবর্তে 'আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা' শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(৫) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ৩নং অনুচ্ছেদটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৩। উপর্যুক্ত ছকে বর্ণিত 'ক' + 'ক-১', 'খ' + 'খ-১' এবং 'গ' ক্যাটাগরির আবেদন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ হইতে কেন্দ্রীয়ভাবে যথাক্রমে সহকারী পরিচালক, উপ-পরিচালক এবং পরিচালক পর্যায়ে নিষ্পত্তি করিতে পারিবেন;"

(৬) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ৪নং অনুচ্ছেদটি নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৪। "উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা তাঁর অধিক্ষেত্রের 'ক' ক্যাটাগরি ছাড়াও সহকারী উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার ছুটি বা অসুস্থতা বা পদ শূন্য থাকা অবস্থায় সংশ্লিষ্ট উপজেলা/থানার 'ক-১' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন এবং সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/ জেলা নির্বাচন কর্মকর্তা তাঁর অধিক্ষেত্রের 'খ' ক্যাটাগরি ছাড়াও অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার ছুটি বা অসুস্থতা বা পদ শূন্য থাকা অবস্থায় সংশ্লিষ্ট জেলা, উপজেলা/থানার যথাক্রমে 'খ-১' এবং 'ক' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন। অনুরূপভাবে, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা তাঁর অঞ্চলের 'গ' ক্যাটাগরি ছাড়াও সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তার ছুটি বা অসুস্থতা বা পদ শূন্য থাকা অবস্থায় 'খ' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন। একইভাবে মহাপরিচালক, এনআইডি উইং সকল অঞ্চল/ জেলা/উপজেলা/থানার 'গ', 'খ', 'খ-১', 'ক' এবং 'ক-১' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন;"

(৭) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ৫নং অনুচ্ছেদ নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৫। মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে 'ঘ' ক্যাটাগরির সংশোধনের আবেদন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক বা উপ-পরিচালকগণ "ঘ" ক্যাটাগরি হতেই (ক্যাটাগরির শ্রেণি পরিবর্তন না করে) নিষ্পত্তি করিতে পারিবেন। উক্ত আবেদনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নোটের অনুলিপি স্ক্যান করে আপলোড করিতে হইবে;"

(৮) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ২৫নং অনুচ্ছেদের শেষাংশে নিম্নরূপ শর্ত সন্নিবেশিত হইবে, যথা :—

"তবে শর্ত থাকে যে, লিখিত আবেদনের প্রেক্ষিতে সংশোধনের কোনো আবেদন বাতিল/ নামঞ্জুর করা হইলে এবং পুনরায় সংশোধনের জন্য আবেদন করিলে উক্ত আবেদনটি পূর্বের ক্যাটাগরিতেই অন্তর্ভুক্ত করিতে হইবে;"

(৯) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ২৭ নং অনুচ্ছেদের পরে "২৭ক" অনুচ্ছেদ হিসেবে নিম্নের বিধানটি সংযুক্ত হইবে, যথা :—

"২৭ক। জাতীয় পরিচয় পত্রের তথ্য সংশোধন এর বিষয়ে কোনো অভিযোগ বা আপত্তি উত্থাপিত/দায়ের করা হইলে, উক্ত অভিযোগ/আপত্তি সংক্রান্ত তদন্ত কমিটি গঠন ও নিষ্পত্তির লক্ষ্যে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন;"

(১০) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ২৮ নং অনুচ্ছেদের পরে "২৮ক" অনুচ্ছেদ হিসেবে নিম্নের বিধানটি সংযুক্ত হইবে, যথা :—

"২৮ক। CMS (Card Management System) এ কোনো কর্মকর্তার একাউন্ট হতে সন্দেহজনক বা অস্বাভাবিক বা অত্র প্রজ্ঞাপনের বিধান লঙ্ঘন করে কোনো কার্যক্রম সংঘটিত হইলে বা সংঘটনের চেষ্টা করা হইলে কারিগরি অধিশাখা বিষয়টি লিখিতভাবে মহাপরিচালক- কে অবহিত করিবেন এবং মহাপরিচালক স্বীয় বিবেচনায় উক্ত কর্মকর্তার একাউন্ট ব্লক (নিষ্ক্রিয়) করিবার জন্য কারিগরি অধিশাখা-কে নির্দেশনা প্রদান করিতে পারিবেন;"

(১১) উক্ত প্রজ্ঞাপনের অনুসরণীয় নির্দেশাবলির ২৮ক নং অনুচ্ছেদের পরে "২৮খ" অনুচ্ছেদ হিসেবে নিম্নের বিধানটি সংযুক্ত হইবে, যথা :—

"২৮খ। নির্বাচন কমিশন সচিবালয়ে জাতীয় পরিচয়পত্র সংশোধনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অত্র প্রজ্ঞাপনের বিধানসমূহ প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন। অত্র প্রজ্ঞাপনের কোনো বিধান লঙ্ঘনকে অসদাচরণ হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে;"

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**শফিউল আজিম**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd